গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য মন্ত্রণালয়

খাদ্য অধিদপ্তর

# খাদ্যশস্য সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদান

# নির্দেশিকা




প্রণয়নে: খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।

# চাল সংগ্রহের বস্তায় স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদান

## ১। ভূমিকা:

খাদ্য অধিদপ্তর কর্তৃক সরকারি খাদ্য গুদামসমূহে চালকল মালিকদের নিকট হতে খাদ্য অধিদপ্তরের লোগোযুক্ত পাটের বস্তায় চাল সংগ্রহ করা হয়। সংগ্রহ মৌসুম শুরুর প্রাক্কালে গুদাম কর্মকর্তা শ্রমিকদের দিয়ে সংগ্রহ কার্যক্রমে ব্যবহার্য পরিমাণ খালি বস্তার এক পাশে 'সংগ্রহ মৌসুম ও এলএসডির নাম' সম্বলিত স্টেনসিল ছাপ প্রদান করেন। অতঃপর চুক্তিবদ্ধ মিল মালিককে চাল বস্তাবন্দির জন্য গুদাম হতে প্রয়োজনীয় সংখ্যক এলএসডির স্টেনসিলযুক্ত খালি বস্তা সরবরাহ করা হয়। মিল মালিক সরবরাহকৃত খালিবস্তার অপর পিঠে মিলের নাম, ঠিকানা সম্বলিত স্টেনসিল ছাপ প্রদান করে বস্তাভর্তি চাল এলএসডিতে সরবরাহ করেন। টিনের মধ্যে অক্ষর লিখে স্টেনসিল বানানো হয় এবং পানির মধ্যে শুধু পাউডার রং মিশিয়ে রংয়ের মিশ্রণ প্রস্তুত করা হয়। ফলে চাল সংগ্রহের বস্তায় প্রদত্ত স্টেনসিল ছাপ স্পষ্ট হয়না এবং স্টেনসিল সহজে মুছে যায়।

খাদ্যশস্য সংগ্রহ, মজুদ ও ডেসপাচ পর্যায়ে চালের মান ও ওজন নিয়ে কোন সমস্যা দেখা দিলে বস্তার স্টেনসিল অস্পষ্ট থাকায় চাল সরবরাহকারী মিলার, এলএসডির নাম ও সংগ্রহ মৌসুম সনাক্ত করা যায় না। এছাড়া, গুদাম কর্মকর্তা ও মিলারকে একই বস্তায় আলাদাভাবে স্টেনসিল ছাপ প্রদান করতে হয় অর্থাৎ একই প্রকৃতির কাজ দুইবার করা হয়, ফলে সময় বেশি লাগে। চাল সংগ্রহের বস্তায় মিলারের প্রদত্ত স্টেনসিল ছাপ স্পষ্ট ও অমোচনীয় করার লক্ষ্যে খাদ্যশস্য সংগ্রহের বস্তায় **স্পষ্ট ডিজিটাল স্টেনসিল প্রদান** কার্যক্রম শুরু করা হয়েছে।

## ২। ডিজিটাল স্টেনসিল প্রদানের জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি ও রং:

ডিজিটাল স্টেনসিল ফ্রেম, রাবারযুক্ত কাঠের হ্যান্ডেল, সবুজ পাউডার রং, সাদা গাম (Acrylic polymer), পানি।

## ৩। ডিজিটাল স্টেনসিল ফ্রেম তৈরি:

কাঠের ফ্রেমে কম্পিউটারে তৈরি স্ক্রিন প্রিন্ট পেপারে মিলের নাম, ঠিকানা, সংগ্রহ মৌসুম (বোরো/আমন), সিদ্ধ/আতপ চাল, এলএসডির নাম, জেলা, উৎপাদনের সময় লিখে ডিজিটাল স্টেনসিল তৈরি করতে হবে। স্ক্রিন প্রিন্টের ভিতরের বর্ডারের পরিমাপ হবে ১৬ ইঞ্চি × ১৪ ইঞ্চি। মূল অক্ষর ও সংখ্যার আকার ১.২৫ ইঞ্চি থেকে ১.৫০ ইঞ্চি হবে। স্ক্রিন প্রিন্টের উপর রং ঢেলে ঘষা দেয়ার জন্য কাঠের সাথে রাবার যুক্ত করে একটি কাঠের হ্যান্ডল তৈরি করতে হবে।




কাঠের ফ্রেমে স্ক্রিনপ্রিন্টযুক্ত ডিজিটাল স্টেনসিল ও রাবার লাগানো কাঠের হ্যান্ডেল

**৪। অমোচনীয় সবুজ রংয়ের মিশ্রণ তৈরি:**

একটি বালতিতে ০৫ লিটার পানি নিয়ে তার মধ্যে ৩০ গ্রাম বা দুই চা চামচ সবুজ রং মিশাতে হবে। এরপর ১৫০ মি.লি. সাদা গাম ঢেলে ৮-১০ মিনিট ভালোভাবে নাড়াতে হবে, যাতে সবুজ রংয়ের গাঢ় মিশ্রণ তৈরি হয়।









পানির মধ্যে সবুজ রং ও সাদা গাম মিশিয়ে অমোচনীয় সবুজ রংয়ের মিশ্রণ তৈরি


**৫। ডিজিটাল স্টেনসিল ছাপ প্রদানের নিয়ম:**

একটি টেবিলে খালিবস্তা রেখে তার উপর অর্থাৎ খাদ্য অধিদপ্তরের লোগো সম্বলিত বস্তার অপরপিঠে স্ক্রিন প্রিন্টের স্টেনসিল ফ্রেমটি রাখতে হবে। স্ক্রিন প্রিন্টের উপর প্রস্তুতকৃত সবুজ রংয়ের মিশ্রণ ঢেলে রাবার লাগানো কাঠের হ্যান্ডেল দ্বারা ঘষা দিয়ে স্টেনসিল ছাপ প্রদান করতে হবে। সাদা গাম ব্যবহার করার কারণে স্টেনসিল ছাপ প্রদানের ৮-১০ মিনিটের মধ্যে রং শুকিয়ে যায় এবং স্টেনসিল ছাপ দীর্ঘস্থায়ী হয়। ০৫ লিটার পানি দ্বারা প্রস্তুতকৃত রংয়ের মিশ্রণ দিয়ে ৭০০-৮০০ পিস বস্তায় স্টেনসিল ছাপ প্রদান করা যায় এবং মিশ্রিত রং ০৩-০৪ দিন পর্যন্ত ব্যবহার করা যায়। একজন দক্ষ শ্রমিক ঘন্টায় ৮০০-৯০০ পিস খালিবস্তায় স্টেনসিল ছাপ প্রদান করতে পারেন।










বস্তায় ডিজিটাল স্টেনসিল প্রদান কার্যক্রম ও ডিজিটাল স্টেনসিলযুক্ত খালিবস্তা


**৬। স্টেনসিল কে, কোথায় প্রয়োগ করবে:**

চুক্তিবদ্ধ মিলার নিজ খরচে তার মিলের জন্য ডিজিটাল স্টেনসিল তৈরি করবেন এবং এলএসডি হতে সরবরাহকৃত খালিবস্তায় মিল ও এলএসডির স্টেনসিল ছাপ প্রদান করবেন। তবে কোন ক্রয়কেন্দ্রের উপজেলায়/নিকটবর্তী এলাকায় বস্তা প্রিন্ট করার সুবিধা থাকলে, চুক্তিবদ্ধ মিলার ইচ্ছে করলে উপরিল্লিখিত নির্দেশনাসমূহ অনুসরণ করে বস্তায় স্ক্রিনপ্রিন্টের ডিজিটাল স্টেনসিল প্রিন্ট করে নিতে পারবেন।

**৭। গুদাম হতে সরবরাহকৃত সরকারি বস্তায় মিলারের চাল জমাদান নিশ্চিতকরণ:**

সরকারি বস্তার যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে চুক্তিবদ্ধ মিলারকে গুদাম হতে বস্তা সরবরাহের সময় বস্তা উৎপাদনকারী জুট মিলের নাম বা কোড নম্বর খামাল কার্ড ও রেজিস্টারে লিখে রাখতে হবে। মিলার চাল জমাদানের সময় বস্তার গায়ে উৎপাদনকারী জুট মিলের নাম/কোড নম্বর ক্রসচেক করে গুদাম হতে সরবরাহকৃত সরকারি বস্তায় চাল জমাদানের বিষয়টি নিশ্চিত করতে হবে।




মিলার কর্তৃক সরবরাহকৃত ডিজিটাল স্টেনসিলযুক্ত চালের বস্তা

**৮। সরঞ্জামাদি ও রং প্রাপ্তি স্থান:**

বিভাগীয় শহরের কম্পিউটার/প্রেস ও রংয়ের দোকান

অথবা নবীন এন্টারপ্রাইজ, প্রোপাইটর: এইচ.এম শহিদুল ইসলাম (সুমন), ঠিকানা: ৬৭/২, সিদ্দিক বাজার, ঢাকা-১০০০, মোবাইল: ০১৭১১-১২৩৪১৪, ০১৭০৪-১৮৬৬০৩।